

মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ৩০/০৫/২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।  
তারিখ : ৩০-০৫-২০২১ খ্রিঃ।  
সময় : ১২.০০ ঘটিকা।  
স্থান : মবক'র সভা কক্ষ।

সভাপতির অনুমতিক্রমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) চেয়ারম্যান ও সদস্য মহোদয়গণের সহযোগিতায় বন্দরের কাজ এগিয়ে নেয়ার আশা ব্যক্ত করে সভার কাজ শুরু করেন। অতঃপর পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৭/০৪/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত আপত্তি নিষ্পত্তি পত্র জারীর বিষয়ে সংশ্লিষ্ট পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকায় যোগাযোগ অব্যাহত রয়েছে। খ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব সংশ্লিষ্ট বিভাগের সমন্বয়ে প্রস্তুত করা হয়ে থাকে।	ক) ২০২০ সনে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ১৮টি এবং ২০২১ সনে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ০৫টি ও ত্রিপক্ষীয় সভায় ০৬টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। তদপেক্ষিতে নিষ্পত্তিপত্র জারীকরণের লক্ষ্যে মহা পরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার বরাবরে পত্র প্রেরণসহ ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে আপত্তি নিষ্পত্তি ত্বরান্বিত করতে হবে। খ) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় সভা আহবান অব্যাহত রাখতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
২.	মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০	ক) লে-আউট ও নকশার কপি চেয়ে মোংলা পৌরসভার গত ০১/০৩/২০২১ তারিখে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। রেলওয়ে কর্তৃক চাহিত ১.৩৫ একর জমি মবক কর্তৃক অন্য কোন স্থান হতে হস্তান্তর করা হবে না। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না করা হয় সে দিকে নজর রাখতে হবে এবং লে-আউট ও ভবনের নকশার কপি চেয়ে পৌরসভাকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। আগামী ৩১/০৫/২১ তারিখে মোংলা পৌরসভার সাথে সভা অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য আছে। খ) দোকানগুলি কীভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে বিস্তারিত তথ্যাদিসহ সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) চুক্তিপত্রের শর্ত মোতাবেক মবক'র পাওনা মবককে পরিশোধ করতে হবে। এ বিষয়ে ৩১/০৫/২১ তারিখে সদস্য (প্রঃওউঃ) মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং মেয়র, পৌরসভার সাথে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বিস্তারিত বিষয় আলোচনা করে মবক এর স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো নিষ্পন্ন করতে হবে। খ) প্রতিবেদন দাখিলের পর সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)
৩.	মামলা সংক্রান্ত। এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০	মামলার বিষয়ে আইনজীবীকে অগ্রিম বিল দেয়া বন্ধ করা হয়েছে। রোট সিডিউল অনুযায়ী এ্যাডভোকেট রইস উদ্দিন আহম্মেদ এর ৫৭,৬৬,০০০/- টাকা বিলের বিষয়টি এবং ০৯টি মামলা সংক্রান্ত তথ্য না থাকায় তার তথ্য চেয়ে প্রণীত পরিচ্ছন্নপত্র স্বাক্ষরের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।	মামলার বিবরণীসহ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর মবক কর্তৃক অনুমোদিত বিলের বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবী বা তাঁর প্রতিনিধি একমত হলে বিল পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে।	ব্যবস্থাপক (প্রশাসন)